

Last Page.



বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি রাজনৈতিক দলগুলোর দায়িত্ব : মাহাথির মোহাম্মদ

দিনকাল রিপোর্ট

দেশের উন্নয়নের স্বার্থে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রেখে বিদেশী বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করে দেয়া রাজনৈতিক দলগুলোর দায়িত্ব বলে মন্তব্য করেছেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ। গতকাল শনিবার বিকালে রাজধানীর

> পৃ ৭ ক ১<

বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি

শেষ পাতার পর

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস'র দ্বিতীয় সমাবর্তন ভাষণ শেষে আয়োজিত 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। মাহাথির মোহাম্মদ বলেন, একটি দেশের উন্নয়নের জন্য পূর্বশর্ত হলো রাজনৈতিক স্থিতিশীলতা। কারণ রাজনৈতিক স্থিতিশীলতার ওপর বিদেশী বিনিয়োগ নির্ভর করে। বিদেশী বিনিয়োগ বাড়লে স্বাভাবিকভাবেই সংশ্লিষ্ট দেশের উন্নয়ন হবে। এজন্য রাজনৈতিক দলগুলোরই দায়িত্ব স্থিতিশীলতা বজায় রেখে বিদেশী বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করে দেয়া। এর আগে সমাবর্তন ভাষণে ড. মাহাথির বলেন, তথ্য-প্রযুক্তি ও আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে বিশ্বের নেতৃত্ব আবারও মুসলিম উম্মাহকেই নিতে হবে। এজন্য সবাইকে একাবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে সাবেক মালয়েশীয় প্রধানমন্ত্রী বলেন, আমাদের ভাগ্যের মানসিকতা ও তথ্য-প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে সগর্বে এগিয়ে যেতে হবে।